



# বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: [www.mahilaparishad.org](http://www.mahilaparishad.org)

E-mail: [info@mahilaparishad.org](mailto:info@mahilaparishad.org), [mparishad@gmail.com](mailto:mparishad@gmail.com)

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

Reg. No.Dha-0462

তারিখ: ২৬.০৭.২০২২

বরাবর

**বার্তা সম্পাদক সমীক্ষা**

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

**বিষয়:** বাগেরহাট জেলার সদর উপজেলার ডেমা ইউনিয়নের বড় বাঁশবাড়িয়া এলাকায় নারীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অধ্য ২৬ জুলাই, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে- বাগেরহাট জেলার সদর উপজেলার ডেমা ইউনিয়নের বড় বাঁশবাড়িয়া এলাকায় নারীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, নির্যাতনের শিকার নারী খালার বাসায় বসবাস করেন। অভিযুক্তরা বিভিন্ন সময় ওই নারীকে উত্ত্যক্ত করত। জমি সংক্রান্ত বিরোধের জের ধরে তাঁর ওপর হামলা চালায় সাইফুল ইসলাম ও তার লোকজন। দুই মাস আগে ওই নারীকে মারধর ও কুপিয়ে আহত করায় মডেল থানায় মামলা দায়ের করেন তিনি। মামলায় জামিনে ছাড়া পেয়ে আবারো ওই নারীকে মারধর করে তারা। গত ২৪ জুলাই, ২০২২ তারিখ প্রকৃতির ডাকে সাড়া দিতে ওই নারী ঘরের বাইরে বের হলে আগে থেকে ওত পেতে থাকা সাইফুল ইসলাম, রাবির হাওলাদার, জাহিদুল হাওলাদার, সজীব হাওলাদার, এবং রিয়াজ হাওলাদার তার মুখ চেপে ধরে তাকে দলবদ্ধ ধর্ষণ করে। গুরুতর অবস্থায় তিনি গাইনী ওয়ার্ডে চিকিৎসাধীন আছেন। এ ঘটনায় নির্যাতনের শিকার নারী বাগেরহাট মডেল থানায় মামলা দায়ের করেছেন।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি, নারী ও কন্যার প্রতি বর্বর ও ধর্ষণ, দলবদ্ধ ধর্ষণের ঘটনা বেড়ে চলেছে। বাংলাদেশ মহিলা পরিষদ এই অবস্থা থেকে উত্তরনের লক্ষ্য ঘটনার দ্রুত বিচার নিশ্চিতকরণে আশু কার্যকরী পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে এবং এই ধরনের ঘটনা প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে।

উপরোক্তে ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে। নির্যাতনের শিকার নারীর নিরাপত্তা নিশ্চিতকরণে অনুরোধ জানাচ্ছে, সেইসাথে বাংলাদেশ মহিলা পরিষদ নারী ও কন্যার প্রতি সহিংসতা এবং সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সারাদেশে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ফোটো

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ